

# Bondro

Glucosamine Sulfate Potassium Chloride USP  
& Chondroitin Sulfate Sodium USP

## Composition

**Bondro Tablet:** Each tablet contains Glucosamine Sulfate Potassium Chloride USP equivalent to Glucosamine Sulfate 750 mg and Chondroitin Sulfate Sodium USP equivalent to Chondroitin Sulfate 600 mg.

## Pharmacology

**Bondro** tablet is a balanced combination of two leading natural supplements of healthy cartilage - Glucosamine and Chondroitin. Glucosamine is a naturally occurring amino sugar of cartilage that provides the basic raw material needed by the body to manufacture joint cartilage. Chondroitin is another naturally occurring mucopolysaccharide of cartilage that stimulates cartilage production, inhibits cartilage destroying enzymes, draws fluid to the cells and helps to lubricate the joints. They work synergistically together to stimulate the production and regeneration of connective tissues (e. g. cartilage, bone, tendon, skin, mucous membrane, blood vessels etc.).

## Indication

Indicated for the treatment of osteoarthritis of knee, hip, spine, hand and other locations as a dietary supplement. It is also beneficial in rheumatoid arthritis, sport injuries, migraine, different skin problems (e.g. psoriasis), vascular complications (e.g. atherosclerosis), kidney stones and inflammatory bowel disease (e.g. ulcerative colitis, leaky gut syndrome).

## Dose & Administration

1 tablet two times daily or as directed by the physician.

## Contraindication

There is no known contraindication for Glucosamine and Chondroitin. But proven hypersensitivity (e.g. allergic to shellfish or sulfur) to Glucosamine and Chondroitin is a contraindication.

## Warning & Precaution

Diabetic patients are advised to monitor blood glucose levels regularly while taking Glucosamine. No special studies were formed in patient with renal and hepatic insufficiency. The toxicological and pharmacokinetic profile of the product does not indicate limitations for these patients. However, administration to these patients with severe hepatic or renal insufficiency should be under appropriate medical supervision.

## Side Effects

Both Glucosamine and Chondroitin Sulfates are virtually non-toxic. Side effects are rare and are limited to stomach upset, nausea or diarrhea. These usually disappear when the tablet is taken with meals.

## Use In Pregnancy & Lactation

Women who are pregnant or who could become pregnant should not be supplemented with Glucosamine and Chondroitin. These are not been studied enough to determine their effects on a developing fetus and no studies have evaluated the use of Glucosamine and Chondroitin during pregnancy or lactation. It should be taken with caution and medical advice during pregnancy and lactation.

## Use In Children & Adolescents

Safety and efficacy in children below 12 years of age have not been established.

## Drug interactions

There has been no reports of significant drug interactions of Glucosamine with anti-biotics, anti-depressants, anti-hypertensives, nitrates, anti-arrhythmics, anxiolytic, hypoglycemic agents, anti-secretives.

But in case of Chondroitin there is a chance of drug interaction with blood-thinning medications (e.g. warfarin, heparin).

## Overdosage

Overdose may cause diarrhea.

## Storage

Store below 30°C., away from light and in a dry place. Keep all medicines out of the reach of children.

## Packing

**Bondro Tablet:** Each box contains 5 X 6 tablets in Alu-Alu blister pack and an insert.

Manufactured by:

**Navana Pharmaceuticals Ltd.**

Rupshi, Rupganj, Narayanganj, Bangladesh.

NCLT0734\_07-22\_00

 NAVANA PHARMA

# বন্ড্র

গ্লুকোসামিন সালফেট পটাশিয়াম ক্লোরাইড ইউএসপি  
এবং কন্ড্রয়টিন সালফেট সোডিয়াম ইউএসপি

## উপাদান

**বন্ড্র ট্যাবলেট:** প্রতিটি ট্যাবলেটে রয়েছে গ্লুকোসামিন সালফেট পটাশিয়াম ক্লোরাইড ইউএসপি যা গ্লুকোসামিন সালফেট ৭৫০ মি.গ্রা. এর সমতুল্য এবং কন্ড্রয়টিন সালফেট সোডিয়াম ইউএসপি যা কন্ড্রয়টিন সালফেট ৬০০ মি.গ্রা. এর সমতুল্য।

## ফার্মাকোলজি

**বন্ড্র** ট্যাবলেট হলো তরুণাঙ্গির দুটি প্রধান প্রাকৃতিক উপাদান গ্লুকোসামিন এবং কন্ড্রয়টিনের সুঘম মিশ্রণ। গ্লুকোসামিন হলো তরুণাঙ্গির একটি প্রাকৃতিক আমিষো সুগার যা শরীরে অস্থিসন্ধির তরুণাঙ্গি তৈরীর প্রধান কাঁচামাল। কন্ড্রয়টিন হলো তরুণাঙ্গির আরেকটি প্রাকৃতিক মিউকোপলিস্যাকারাইড যা তরুণাঙ্গি তৈরিতে সাহায্য করে, তরুণাঙ্গি ধ্বংসকারী এনজাইমসমূহকে বাধা দেয়, কোষে পানি টেনে নেয় এবং অস্থিসন্ধিকে পিচ্ছিল করতে সাহায্য করে। এরা একত্রে সহযোগীতামূলকভাবে যোজক কলা (যেমন- তরুণাঙ্গি, হাড়, টেন্ডন, ত্বক, মিউকাস মেমব্রেন, রক্তনালিকা ইত্যাদি) উৎপাদন এবং পুনর্গঠনে সাহায্য করে।

## নির্দেশনা

হাঁটু, কোমর, মেরুদণ্ড, হাত ও অন্যান্য স্থানে চিকিৎসায় খাদ্য সম্পূরক হিসেবে এটি ব্যবহার হয়। এটি রিউম্যাটয়েড অর্থ্রাইটিস, খেলাধুলায় আঘাতপ্রাপ্ত, মাইগ্রেন, ত্বকের বিভিন্ন সমস্যায় (যেমন, সোরিয়াসিস), রক্তনালীকার জটিলতায় (যেমন, এথেরোস্কেলোসিস), কিডনীর পাথর এবং অন্ত্রের প্রদাহজনিত রোগ (যেমন, আলসারেটিভ কোলাইটিস, লিকি গাট সিনড্রোম) - এ উপকারি।

## মাত্রা ও সেবনবিধি

১টি ট্যাবলেট প্রতিদিন দুই বার করে অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

## প্রতিনির্দেশনা

গ্লুকোসামিন ও কন্ড্রয়টিন এর কোনরূপ প্রতিনির্দেশনা জানা যায়নি। তবে প্রমাণিত অতিসংবেদনশীলতার (যেমন, সেল ফিশ বা সালফারের প্রতি এলার্জি) ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সতর্কতা

ডায়াবেটিক রোগীদের গ্লুকোসামিন গ্রহণকালে রক্তে গ্লুকোজের পরিমাণ নিয়মিত পরীক্ষা করা উচিত। যকৃত ও বৃক্কের অপর্গাঙতা বিশিষ্ট রোগীদের ক্ষেত্রে কোন বিশেষ গবেষণা করা হয়নি। গ্লুকোসামিনের ও কন্ড্রয়টিনের টল্লিকোলোজিক্যাল ও ফার্মাকোকাইনেটিক প্রোফাইল অনুযায়ী এ সব রোগীদের ওষুধ ব্যবহারের ক্ষেত্রে কোন বাধা নেই। তবুও, যকৃত ও বৃক্ক মারাত্মক রোগাক্রান্ত রোগীদের যথাযথ মেডিক্যাল পর্যবেক্ষণে এটি দেয়া উচিত।

## পার্শ্বপ্রতিক্রিয়া

প্রকৃতপক্ষে গ্লুকোসামিন এবং কন্ড্রয়টিন কোনটি বিষাক্ত নয়। পার্শ্বপ্রতিক্রিয়ার ঘটনা বিরল এবং তা পেটে অস্বস্তি, বমি বমি ভাব অথবা ডায়রিয়াতে সীমাবদ্ধ। ট্যাবলেটটি খাবারের সাথে খেলে এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলো সাধারণত দেখা দেয় না।

## গর্ভবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহার

গর্ভবতী ও গর্ভবতী হতে পারে এমন মহিলাদের ক্ষেত্রে গ্লুকোসামিন এবং কন্ড্রয়টিন সাপ্লিমেন্ট দেয়া উচিত নয়। স্রুণের উপর গ্লুকোসামিন ও কন্ড্রয়টিন এর প্রতিক্রিয়া সম্পর্কিত যথেষ্ট পরীক্ষা চালানো হয়নি এবং গর্ভবতী ও স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে গ্লুকোসামিনের ব্যবহার সম্পর্কিত কোন গবেষণা করা হয়নি। তাই গর্ভাঙ্কায় ও স্তন্যদানকালে বিশেষ সতর্কতার সাথে এবং চিকিৎসকের পরামর্শ নিয়ে গ্লুকোসামিন ও কন্ড্রয়টিন গ্রহণ করা উচিত।

## শিশু ও বয়ঃসন্ধিকালীন ব্যবহার

১২ বছরের কম বয়সের বাচ্চাদের ক্ষেত্রে এর সুরক্ষা এবং কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া

অ্যান্টি-বায়োটিক, অ্যান্টি-ডিপ্রেসেন্ট, অ্যান্টি-হাইপারটেনসিভ, নাইট্রেট, অ্যান্টি-এয়ারিডমিক, এনজিওলাইটিক, হাইপোগ্লাইসেমিক এজেন্ট, অ্যান্টি-সিক্রেট-এর সাথে গ্লুকোসামিনের উল্লেখযোগ্য কোন প্রতিক্রিয়ার তথ্য পাওয়া যায় নাই। কিন্তু কন্ড্রয়টিনের ক্ষেত্রে রক্ত পাতলাকরণ ওষুধের (যেমন-হেপারিন, ওয়ারফেরিন) সাথে প্রতিক্রিয়ার সম্ভাবনা রয়েছে।

## অতিমাত্রা

অতিমাত্রা সেবনে ডায়রিয়া হতে পারে।

## সংরক্ষণ

৩০°সে. তাপমাত্রার নিচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

## মোড়ক

**বন্ড্র ট্যাবলেট:** প্রতিটি বাক্সে আছে ৫ X ৬ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে এবং একটি নির্দেশিকা।

প্রস্তুতকারক:

**নাভানা ফার্মাসিউটিক্যালস লিঃ**

রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ।

 নাভানা ফার্মা